Total No. of Printed Pages—7

**HS/XII/A. Sc. Com/B/21**

**2 0 2 1**

**BENGALI**

**( Modern Indian Language )**

*Full Marks* : 100

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

*General Instructions* :

(i) Write all the answers in the Answer Script.

(ii) Attempt all parts of a question together at one place.

১। বন্ধনী থেকে সঠিক শব্দ বেছে নিয়ে শূন্যস্থান পূর্ণ কর (যে-কোন **পাঁচটি**) : ১×৫=৫

(ক) ‘বলাই’ গল্পটির লেখকের নাম _____।

( বিদ্যাসাগর / শিবনাথ শাস্ত্রী / রবীন্দ্রনাথ ঠাকুর )

(খ) বলাই _____ কোলে বসে গাছ না কাটার আবদার করে।

( মামির / কাকির / মায়ের )

(গ) ‘‘আমি নামতে পাচ্ছি না বাবা, _____ চোট লেগেছে।’’

( মাথায় / হাতে / পায়ে )

(ঘ) বৃদ্ধা তাহাকে _____ টাকা বাহির করিয়া দিলেন।

( একটি / দুইটি / চারটি )

(ঙ) ‘‘চলিয়ে মাইজি, _____ প্যাসেঞ্জার আ গিয়া।’’

( গয়া / দিল্লি / লক্ষ্ণৌ )

(চ) বৃদ্ধার _____, সংস্কৃত ও ইংরেজীতে কিঞ্চিৎ দখল ছিল।

( বাংলা / অসমীয়া / গুজরাটি )

(ছ) বলাই-এর বন্ধুরা তাকে ক্ষ্যাপানোর জন্য _____ গাছের একটা ডাল ভেঙ্গে দেয়।

( বকুল / পাইন / নিম )

২। *দু-একটি* শব্দ দ্বারা যে-কোন **চারটি** প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) ‘‘ছিনু মোরা, সুলোচনে, _____ তীরে।’’

( গোদাবরী / ব্রহ্মপুত্র / সিন্ধু )

(খ) ‘‘ভুলিনু পূর্বের সুখ। রাজার নন্দিনী,’’

‘রাজার নন্দিনী’ কে?

(গ) ‘সরমা’ কে ছিলেন?

(ঘ) উপেন কত বছর পর আবার গ্রামে ফিরে এসেছিল?

(ঙ) ‘দুই বিঘা জমি’ কবিতাটির রচয়িতা কে?

(চ) উপেনের দুই বিঘা জমিতে কয় পুরুষের স্মৃতি রয়েছে?

( তিন / চার / সাত )

৩। *দু-একটি* শব্দ দ্বারা যে-কোন **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) চঞ্চলকুমারীর হস্তের একটি অঙ্গুরীয়তে কী ছিল?

(খ) ‘‘নির্মলকে দেখিয়া চঞ্চল চিত্রখানি উল্টাইয়া রাখিলেন।’’ চিত্রটি কার ছিল?

(গ) 'রাজসিংহ' উপন্যাসের তৃতীয় পরিচ্ছেদের নাম কী?

(ঘ) চঞ্চলকুমারীর বয়স কত ছিল?

(ঙ) ''এ পাঞ্জা তুমি কোথায় পাইলে?'' এখানে 'পাঞ্জা' শব্দের অর্থ কী?

৪। যে-কোন **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ২×৩=৬

(ক) ''গাছটাকে প্রতিদিনই দেখাচ্ছে নিতান্ত নির্বোধের মতো।'' কোন্ গল্পের অংশ এটি? কোন্ গাছের কথা বলা হয়েছে?

(খ) মালী যখন উপেনকে ধরে নিয়ে যায় তখন বাবু কী করছিলেন? 'পারিষদ' শব্দের অর্থ কী?

(১) ঘুমাচ্ছিলেন

(২) মাছ ধরছিলেন

(৩) কাজ করছিলেন

( সঠিক শব্দ বেছে নাও )

(গ) ''রাজার হস্ত করে সমস্ত কাঙালের ধন চুরি।'' বক্তা কে? 'কাঙাল' কথাটির অর্থ কী?

(১) দরিদ্র

(২) বিত্তবান

(৩) কালোমানুষ

( সঠিক শব্দ বেছে নাও )

(ঘ) ''অতিথি আসিত নিত্য করভ করভী।''
বক্তা কে? 'করভ', 'করভী' বলতে কী বোঝায়?

(ঙ) ''আপনি যাইবেন কি প্রকারে? তাহারা চারিজন আপনি একা।''
কে, কাকে একথা বলেছেন? তাহারা বলতে কাদের বোঝানো হয়েছে?

৫। যে-কোন **পাঁচটি** প্রশ্নের উত্তর সংক্ষেপে লেখ : ২×৫=১০

(ক) 'সীতা ও সরমা' কবিতায় কোন্ কোন্ পশু, পাখীর নাম পাওয়া যায়?

(খ) ''আঁখি করি লাল রাজা ক্ষণকাল রহিল মৌনভাবে;''

কোন্ কবিতার অংশ এটি? 'লাল আঁখি' কীসের প্রতীক?

(১) ক্রোধের

(২) দুঃখের

(৩) আনন্দের

( সঠিক শব্দ বেছে নাও )

(গ) ''শিভ্যালরি আমাদের দেশেও ছিল।'' বক্তা কে? 'শিভ্যালরি' শব্দের অর্থ কী?

(ঘ) 'সীতা ও সরমা' কোন ছন্দে লেখা? এই ছন্দের স্রষ্টা কে?

(ঙ) বলাই-এর বাবা কেন বিলেতে গিয়েছিলেন?

(১) এঞ্জিনিয়ারিং শিখতে

(২) ব্যবসা করতে

(৩) চাকরী করতে

( সঠিক শব্দ বেছে নাও )

বলাইকে নিয়ে তার বাবা কোথায় গিয়েছিলেন?

(চ) ''একে একে মনে উদিল স্মরণে বালক কালের কথা।''

এখানে বালক কালের কোন্ স্মৃতির কথা বলা হয়েছে?

(ছ) চঞ্চলকুমারী কোন্ রাজ্যের রাজকুমারী ছিলেন? তাঁর পিতার নাম কী?

৬। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ৪

(ক) ''উঠলে তো, এখন বসবে কোথায় বাছা।''

বক্তা কে? বৃদ্ধা কোথায় উঠেছিলেন? উপরিউক্ত প্রশ্নের কী উত্তর দিয়েছিলেন বৃদ্ধা? ১+১+২=৪

(খ) ''বলাই আমাকে ব্যস্ত করে ধরে নিয়ে গেল বাগানে।''

কোন্ গল্পের অংশ? বাগানে গিয়ে তিনি কী দেখলেন? ২+২=৪

(গ) ''আমার মজুরী আটআনা, দু'টাকা দিচ্ছেন কেন?'' এই উক্তির মধ্য দিয়ে 'দুধের দাম' গল্পের কুলির চরিত্র আলোচনা কর।

৭। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) 'রাজসিংহ' উপন্যাসে তোমাদের পাঠ্য অংশ অবলম্বনে রাজসিংহ চরিত্র আলোচনা কর।

(খ) গুহার মধ্যে দস্যুগণের কিরূপ আলোচনা হচ্ছিল তার একটি বর্ণনা দাও।

(গ) মানিকলাল-এর চরিত্রের পরিচয় দাও।

৮। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'দুই বিঘা জমি'র মূল কাহিনি নিজের ভাষায় বর্ণনা কর।

(খ) 'পূর্ব কথা শুনিবারে যদি ইচ্ছা তব
কহি আমি...''

বক্তা কাকে উদ্দেশ্য করে এই কথা বলেছেন? তোমার পাঠ্য কাব্যাংশ অবলম্বনে সীতা ও সরমার মধ্যে যে কথাবার্তা হয়েছিল তা আলোচনা কর। ২+৮=১০

(গ) তোমার পাঠ্য 'সীতা ও সরমা' কাব্য অবলম্বনে সরমা চরিত্রটি নিখুঁত-ভাবে চিত্রিত কর।

৯। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'দুধের দাম' গল্পের বিষয়বস্তু তোমার নিজের ভাষায় লেখ।

(খ) ''কেউ গাছের ফুল তোলে এইটে ওর বড় বাজে।''

কোন্ গল্পে, কার কথা বলা হয়েছে? তার চরিত্রে গাছপালার প্রতি ভালোবাসার বর্ণনা দাও। ২+৮=১০

(গ) 'বলাই' গল্পের বিষয়বস্তু নিজের ভাষায় লেখ।

১০। উদাহরণসহ সংজ্ঞা দাও (যে-কোন **তিনটি**) : ৪×৩=১২

সমীভবন ; অপিনিহিতি ; স্বরসঙ্গতি ; স্বরভক্তি ; অভিশ্রুতি।

১১। নির্দেশ অনুসারে উত্তর দাও : ২×২=৪

নীচের শব্দগুলিতে কোন্ ধরনের পরিবর্তন সাধিত হয়েছে, তা লেখ (যে-কোন **দুটি**) :

সইত্ত ; ধরম ; রাইত ; দিশী ; বিলিতি।

১২। নীচের পংক্তিগুলির অলঙ্কার নির্ণয় কর (যে-কোন **দুটি**) : ১+১=২

(ক) চাঁদের মত মুখ

(খ) চল চপলার চকিত চমকে করিছে চরণ বিচরণ

(গ) কে বলে ঈশ্বর গুপ্ত ব্যাপ্ত চরাচর
যাহার প্রভায় প্রভা পায় প্রভাকর।

১৩। নীচের অলঙ্কারগুলির উদাহরণসহ সংজ্ঞা লেখ (যে-কোন **দুটি**) : ৪×২=৮

অনুপ্রাস ; শ্লেষ ; উপমা ; সমাসোক্তি।

১৪। নীচের যে-কোন **একটি** বিষয় অবলম্বনে নিবন্ধ লেখ : ১৪

(ক) দুর্গাপূজা

(খ) মাতৃভাষা শিক্ষার প্রয়োজনীয়তা

(গ) করোনা—একটি মহামারী

★★★



11-21—850